116

তারিখ 12 JAN 1996
পৃষ্ঠা 2 কলাম 7

আজকের কাগজ

দেশের বিভিন্ন স্থানে

# এইচএসসি'তে ৪ বোর্ডে অভিন্ন প্রশ্নপত্র বাতিলের দাবিতে বিক্ষোভ

কাগজ প্রতিবেদক : উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় ৪টি শিক্ষাবোর্ডে অভিন্ন প্রশ্নপত্র বাতিলের দাবিতে দেশব্যাপী কলেজ ছাত্র-ছাত্রিরা নির্বাচনী পরীক্ষা বর্জনসহ বিক্ষোভ মিছিল সমাবেশ করেছে।

মীর মনিরুজ্জামান (বরিশাল) জানান, এইচএসসি পরীক্ষায় চারটি শিক্ষাবোর্ডে অভিন্ন প্রশ্নপত্র বাতিলের দাবিতে বরিশাল মহিলা কলেজের ছাত্রিরা নির্বাচনী পরীক্ষা বর্জন করে শহরে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি দেখে শহরের অন্যান্য কলেজের ছাত্র-ছাত্রিরা মিছিলে যোগ দেয়। এক পর্যায় সদর রোডে দু'টি গাড়ি ভাংচুর করে। এসময় দু'টি বোমা বিস্ফোরিত হয়। পুলিশ ছাত্রিদের ওপর মৃদু লাঠিচার্জ করলে মিছিলটি জংগীরূপ ধারণ করে। পুলিশ ঘটনাস্থল থেকে কয়েকজন ছাত্রকে গ্রেফতার করলে মিছিলকারী ছাত্রিরা পুলিশের কাছ থেকে ছাত্রদের ছিনিয়ে নেয়। শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে বিক্ষোভ প্রদর্শন করে এবং স্মারকলিপি প্রদান করে। ১৩ জানুয়ারি ছাত্ররা শহরে অর্ধদিবস হরতাল আহবান করেছে এবং আজ সন্ধ্যায় শহরে হরতাল সমর্থনে মশাল মিছিল বের হবে। বিএম কলেজ ছাত্রলীগ সভাপতি মাহমুদুল হক মামুন এ ঘটনার নিন্দা করেছেন এবং আগামী বছর থেকে ভিন্ন প্রশ্নপত্র কার্যকর করার দাবি জানায়।

জিএম তালুকদার (পটুয়াখালী) জানান, একই প্রশ্নপত্রের মাধ্যমে পরীক্ষা গ্রহণে শিক্ষা মন্ত্রণালয়ে গৃহীত সিদ্ধান্তের প্রতিবাদে পটুয়াখালী সরকারি বিশ্ববিদ্যালয় কলেজে এইচএসসি পরীক্ষার্থিরা গতকাল দুপুর দু'টোয় তাদের কলেজ নির্বাচনী পরীক্ষা বর্জন করে। বিক্ষুব্ধ ছাত্ররা এসময় শ্রেণী কক্ষের আসবাবপত্র ভাঙচুর এবং অধ্যক্ষের বাস ভবনে ইটপাটকেল ছোড়ে। পরে বিক্ষুব্ধ ছাত্ররা একটি বিক্ষোভ মিছিল বের করে। এবং প্রেস ক্লাবের সামনে এক সমাবেশ করে। সামবেশে বক্তব্য রাখেন-নূর মোহাম্মদ, মামুন, মঈন ও সজল প্রমুখ। তারা শিক্ষা বোর্ডের ঘোষিত সিদ্ধান্তে প্রতিবাদ জানায়।

শ্যামল সরকার (ঝালকাঠি) জানান, অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের সিদ্ধান্তের প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার ঝালকাঠি সরকারি কলেজের ছাত্ররা বিক্ষোভ-মিছিল, প্রতিবাদ সমাবেশ ও ডেপুটি কমিশনার বরাবরে স্মারকলিপি পেশ করেছে। সকাল ১০টায় কয়েক শ' ছাত্রের মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ডিসি অফিস চত্বরে প্রতিবাদ সমাবেশ করে। সমাবেশ শেষে তাদের দাবীর সমর্থনে ডেপুটি কমিশনার বরাবরে স্মারকলিপি পেশ করে।

উল্লেখ্য, '৯৬ সনের এইচএসসি পরীক্ষার্থিরা গত ৬ জানুয়ারি থেকে অনুষ্ঠানরত বাছনিক পরীক্ষা বর্জন করছে এবং ওইদিন (৬ জানুয়ারি) অধ্যক্ষসহ শিক্ষকদের তাদের কক্ষে সাড়ে ৩ ঘন্টা তালাবদ্ধ করে রেখেছিলো।